MAR. 03 2003

ভোরের কাগজ ১১ ৭



হোটেল শেরাটনে গতকাল অস্ট্রেলিয়ান এডুকেশন ফেয়ার অনুষ্ঠিত হয় —ভোরের কাগজ

# ঢাকায় অস্ট্রেলিয়ান শিক্ষা প্রদর্শনীতে উপচেপড়া ভিড়

কাগজ প্রতিবেদক : অস্ট্রেলিয়ান শিক্ষা প্রদর্শনীতে গতকাল রোববার ছিল উপচেপড়া ভিড়। সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত টানা ৭ ঘণ্টায় অন্তত দেড় হাজার ছাত্রছাত্রী হাজির হয়। নগরীর হোটেল শেরাটনে দুদিনব্যাপী এ প্রদর্শনী অনুষ্ঠিত হচ্ছে। গতকাল সকালে প্রদর্শনী উদ্বোধনকালে ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনার লরেন বার্কার বলেন, বাংলাদেশের ছাত্রছাত্রীদের জন্য অস্ট্রেলিয়ার দুয়ার আবারিত। ন্যূনতম কিছু যোগ্যতা যেমন আইইএলটিএস সেকার, প্রয়োজনীয় ফান্ড ইত্যাদি থাকলেই সহজে পড়তে যাওয়া যায় অস্ট্রেলিয়ায়। তিনি বলেন, ৮০টি দেশ থেকে প্রায় দেড়লাখ ছাত্রছাত্রী বর্তমানে অস্ট্রেলিয়ায় পড়াশুনা করছে।

অস্ট্রেলিয়ান হাইকমিশনার আরো বলেন, বাংলাদেশের ছাত্রছাত্রীরা ওখানে পড়াশুনায় বেশ ভালো করছে। অনেকে কৃতিত্বপূর্ণ ফলাফল করছে। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ান ট্রেড কমিশনের মিনহাজ চৌধুরী, হাইকমিশনের ভিসা অফিসার পিন রিটানো ও আইডিপি প্রোগ্রামের শরীফ রহমান।

প্রদর্শনীতে অস্ট্রেলিয়ার যেসব শিক্ষা প্রতিষ্ঠান অংশ নিচ্ছে সেগুলো হলো কুরটিন ইউনিভার্সিটি অফ টেকনোলজি, ডিকিন ইউনিভার্সিটি, হোলমেসগ্লিন ইনস্টিটিউট তাফি, কানগান বেটম্যান তাফি, লা ট্রোব ইউনিভার্সিটি, মেলবোর্ন ইনস্টিটিউট অব তাফি, মোনাশ ইনস্টিটিউট, ইউনিভার্সিটি অব নিউ ক্যাসল, রিমিত ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অফ সাউথ অস্ট্রেলিয়া, সাউথআরেন ক্রস ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব সাউথআরেন কুইন্সল্যান্ড, নিরিট, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অফ টেকনোলজি ও ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিডনি।

শিক্ষা প্রদর্শনীর ব্যাপারে মিনহাজ চৌধুরী ভোরের কাগজকে বলেন, প্রদর্শনীতে ব্যাপক সাড়া পাওয়া গেছে। তিনি জানান, ১৫টি বিশ্ববিদ্যালয় এ প্রদর্শনীতে অংশ নিচ্ছে। এসব বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা বাংলাদেশী ছাত্রছাত্রীদের সরাসরি সাক্ষাৎকার নিচ্ছেন। কাউকে কাউকে তারা হাতে হাতেই অফার লেটার দিয়ে দিচ্ছেন। এ ধরনের ব্যতিক্রমী শিক্ষা প্রদর্শনী থেকে এদেশের ছাত্রছাত্রীরা উপকৃত হবে।